# মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপ্পাদনকারী সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং ৬৯৭ , তারিখঃ ২৯/০৩/২০১২খ্রিঃ

গ্রাম- জটাবাড়ী, ডাকঘর- জটাবাড়ী, উপজেলা- মধুপুর , জেলা- টাঙ্গাইল।

পত্র নং-০১

তারিখ- ১৫/০২/২০২৫খ্রিঃ

এতদ্বারা মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ এর সম্মানিত সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির গত ১৫/০১/২০২৫খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ১৯/০৩/২০২৫খ্রিঃ বুধবার সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ টা পর্যন্ত বিরতিহীন ভাবে সমিতির কার্যালয়ে (গ্রাম-জটাবাড়ী, ডাকঘর-জটাবাড়ী, মধুপুর, টাঙ্গাইল) বিশেষ সাধারণ সভায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ কার্যক্রম অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, উক্ত নির্বাচন উপলক্ষ্যে সমিতির নিবন্ধিত উপ-আইন মোতাবেক ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ১০(দশ) জন ব্যবস্থাপনা কমিটির সদস্য সহ সর্বমোট ১২ (বার) জন (উল্লেখ্য যে সমগ্র নির্বাচনী এলাকা হতে নির্বাচিত হবে এবং ০৫টি নির্বাচনী এলাকা হতে ০২ জন করে মোট ১০ জন ব্যবস্থাপনা কমিটির সদস্য পদে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকা হতে নির্বাচিত হবে) সমিতির সদস্যগণের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

জেলা সমবায় অফিসার টাঙ্গাইল মহোদয়ের আদেশ নং ১১৮/১(৫) ,তারিখ-০৫/০২/২০২৫ খ্রিঃ মুলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ১৪/০২/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতবেক সমবায় সমিতি বিধিমালা/০৪ এর ২৭(১) বিধি অনুসারে অত্র সমিতির আগামী ১৯/০৩/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনী তফসিল ঘোষণা করা হ'ল ঃ

| ক্রমিক নং | বিবরন | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | মনোনয়ন পত্র প্রাপ্তি/বিতরন। | ২০/০২/২০২৫খ্রিঃ | সকাল- ১১.০০টা হতে দুপুর- ০২.০০টা | সমিতির কার্যালয় | |
| ০২। | মনোনয়ন জমা গ্রহণ। | ২৪/০২/২০২৫খ্রিঃ | সকাল- ১১.০০টা হতে দুপুর- ০২.০০টা | | |
| ০৩। | মনোনয় পত্র বাছাই (প্রার্থীর উপস্থিতে যদি কেউ উপস্থিত থাকেন) | ২৫/০২/২০২৫খ্রিঃ | মনোনয় পত্র বাছাই সকাল -১১.০০টা হতে .. | | |
| ০৪। | বৈধ ও বাতিলকৃত প্রার্থীরদের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ২৫/০২/২০২৫খ্রিঃ | বাছাই শেষে | সমিতির নোটিশ বোর্ড | |
| ০৫। | বৈধ/বাতিলকৃত মনোনয়নপত্রের বিষয়ে আপীলের আবেদন গ্রহন | ০২/০৩/২০২৫খ্রিঃ ০৩/০৩/২০২৫খ্রিঃ | অফিস চলাকালীন সময়ে | জেলা সমবায় কার্যালয় টাঙ্গাইল। | |
| ০৬ | আপীলের শুনানী গ্রহণ | ০৪/০৩/২০২৫খ্রিঃ ০৫/০৩/২০২৫খ্রিঃ ০৬/০৩/২০২৫খ্রিঃ | | | |
| | আপীল কর্তৃক রায় ঘোষনা | ০৬/০৩/২০২৫খ্রিঃ | | | |
| ০৭ | বৈধ/বাতিলকৃত প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | ০৭/০৩/২০২৫খ্রিঃ | দুপুর- ২.০০টার পর | সমিতির নোটিশ বোর্ড | |
| ০৮ | মনোনয়ন পত্র প্রত্যাহার (লিখিত আবেদনর মাধ্যমে) | ০৮/০৩/২০২৫খ্রিঃ | সকাল- ১০.০০টা হতে দুপুর- ১.০০টা | সমিতির কার্যালয় | |
| ০৯ | একক প্রার্থীদের তালিকা ও (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের চুড়ান্ত তালিকা প্রকাশ | ০৯/০৩/২০২৫খ্রিঃ | দুপুর ১টার পর | সমিতির নোটিশ বোর্ড | |
| ১০ | বৈধ প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ ও তালিকা প্রকাশ | ০৯/০৩/২০২৫খ্রিঃ | দুপুর- ২.০০টার পর হতে --- | | |
| ১১ | ভোট গ্রহণ | ২০/০৩/২০২৫খ্রিঃ | ৯.০০ টা হতে বিকাল- ৩.০০টা | সমিতির কার্যালয়ে। | সমিতির নোটিশ বোর্ড |
| ১২ | ভোট গণনা | ২০/০৩/২০২৫খ্রিঃ | ভোট গ্রহণের পর | | |
| ১৩ | ফলাফল প্রকাশ | ২০/০৩/২০২৫খ্রিঃ | ভোট গননা শেষে | | |

চলমান পাতা-২

১৬. নির্বাচনী প্রতীক সমূহঃ

| পদের নাম | প্রতীক সমূহ |
|---|---|
| সভাপতি | চেয়ার, গরুর গাড়ী, ছাতা। |
| সহ-সভাপতি | খেজুর গাছ, হাতি, হরিণ। |
| সম্মানিত সদস্য | হারিকেন, কবুতর, মোরগ, হাঁস,বই,কলা, ফুটবল, মাছ, তরবারী, মাটির ব্যাংক, দেয়াল ঘড়ি, দোয়াত কলম, আনারস। |

উল্লেখ্য, প্রার্থীদের তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি নতুন প্রতীক বরাদ্দ করতে পারবে।

<u>অন্যান্য জ্ঞাতব্য ও পালনীয় বিষয়সমূহ ঃ</u>

ক) মনোনয়নপত্র সংগ্রহের পূর্বে ব্যবস্থাপনা কমিটির নির্ধারিত মনোনয়নপত্র গ্রহণের রশিদ " মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ" হতে সংগ্রহ পুর্বক রশিদের মূল কপি মনোনয়নপত্র গ্রহনকালে নির্বাচন কমিটির নিকট প্রদর্শন করতে হবে।

খ) মনোনয়নপত্রের সঙ্গে প্রার্থীর ০১ কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে। সংযুক্ত ছবি সমিতির সভাপতি/সদস্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সত্যায়িত করে উপজেলা সমবায় অফিসার, মধুপুর/জেলা সমবায় অফিসার,টাঙ্গাইল কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

গ) নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্র যথাযথভাবে পুরণ করে সমিতির সভাপতি/সদস্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সত্যায়িত করতঃ উপজেলা সমবায় অফিসার, মধুপুর/জেলা সমবায় অফিসার, টাঙ্গাইল কর্তৃক প্রতিস্বাক্ষরিত করে দাখিল করতে হবে।

ঘ) নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ছাড়া কোন প্রকার বা তার ফটোকপি গ্রহণযোগ্য হবে না।

ঙ) মনোনয়নপত্র পুরণের ক্ষেত্রে সমিতির মেম্বার রেজিষ্টার অনুসরণ করতে হবে। অন্যথায় মনোয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

চ) নির্বাচনে প্রতিদ্বন্দ্বীদের সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ১৮ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা -২০০৪ এর ২৪ বিধি অনুযায়ী নির্বাচনে প্রতিদ্বন্দ্বীতা করার জন্য যোগ্য হতে হবে।

ছ) নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী সমিতিতে ঋণ খেলাপী/ জামিনদার খেলাপী হলে মনোনয়নপত্র জমা দানের পুর্বে তা পরিশোধ করে প্রমাণকসহ
মনোনয়পত্র জমা দিতে হবে।

জ) প্রার্থী আলোচ্য সমিতি ছাড়াও অন্য কোন সমবায় সমিতির সদস্য হলে উক্ত সমিতির নাম, সদ্রস্য নম্বর এবং উক্ত সমিতিতে প্রার্থী ঋণ খেলাপী/জামিনদার খেলাপী নয় মর্মে প্রত্যয়ন সংগ্রহ করে মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে।

ঝ) অসম্পুর্ণ, ক্রুটিপুর্ণ, কাটাকাটি, ঘষামাজা কিংবা ভূল তথ্য সম্বলিত মনোসনয়নপত্র বাতলি বলে গণ্য হবে।

ঞ) একই ব্যক্তি একাধিক পদে প্রতিদ্বন্দ্বীতা করতে পারবেন না।

ট) মনোনয়নপত্রের সংগে নিম্নলিখিত রেকর্ডপত্র সংযুক্ত করতে হবে।

০১) প্রার্থীর ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি।
০২) প্রার্থীর সংশ্লিষ্ট এবং অন্য কোন সমবায় সমিতির সদস্য হয়ে থাকলে ঋণ খেলাপী/জামিনদার খেলাপী নয় মর্মে প্রত্যয়ন।
০৩) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
০৪) সমিতি কর্তৃক সরবরাহকৃত মনোনয়নপত্র সংগ্রহের মূল রশিদ ।

ঠ) প্রার্থীতা চুড়ান্ত হওয়ার পর প্রতীক বরাদ্দ করা হবে। একই প্রতীক একাধিক প্রার্থী দাবী করলে নির্বাচন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে তা নিস্পত্তি করা হবে।

ড) ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন -২০০১ এর ধারা ৩৭ এবং সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর বিধি ৮৮ অনুসরণ করতে হবে।

ঢ) উক্ত নির্বাচন সমবায় সমিতি আইন আইন-২০০১(সংশোধিত-২০০২ ও ২০১৩) সমবায় সমিতি বিধমালা -২০০৪ নিবন্ধিত উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ণ) সমবায় সমিতি বিধমিল -২০০৪ এর ২৮(২) বিধি মোতাবেক প্রার্থীর দাখিলকৃত মনোনয়নপত্রের সঙ্গে দেওয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যে কোন উপযুক্ত পদ্ধতি গ্রহণ করতে পারবে।

ত) প্রার্থী স্ব-শরীরে উপস্থিত হয়ে অথবা যথোপযুক্ত ভাবে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়নপত্র গ্রহণ ও দাখিল করতে পারবেন। তবে তফসীল দ্বারা নির্ধারিত সময়ের পরে অথবা ডাকযোগে প্রেরিত কোন মনোনয়নপত্রের গ্রহণ ও দাখিল করা হবে না।

থ) নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করতে হবে।

দ) নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

ধ) মনোনয়নপত্র বিতরণ, মনোনয়নপত্র গ্রহণ, যাচাই-বাছাই ও ভোট গ্রহণসহ নির্বাচন সংক্রান্ত সকলকার্যক্রমে উপস্থিত সদস্যদের সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্যবিধি মানা বাধ্যতামূলক।

(জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৫
মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ
মধুপুর, টাঙ্গাইল।

( জনাব আফরোজা বেগম)
সদস্য
নির্বাচন কমিটি/২০২৫
মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ,মধুপুর, টাঙ্গাইল।
ও
ফ্যাসিলিটেটর
মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ ,মধুপুর, টাঙ্গাইল।

( জনাব মোহাম্মদ নাজমুল হাসান)
সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫
মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ,মধুপুর, টাঙ্গাইল।
ও
উপজেলা সমবায় অফিসার
মধুপুর, টাঙ্গাইল।

স্মারক নং-০১(১০) তারিখ-১৫/০২/২০২৫খ্রিঃ।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০১। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ, মধুপুর, টাঙ্গাইল। তাঁকে প্রকাশিত নির্বাচনীতফসিল খানা ব্যাপক ভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০২। জেলা সমবায় অফিসার, টাঙ্গাইল।
০৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মধুপুর, টাঙ্গাইল।
০৬। উপজেলা সমবায় অফিসার, মধুপুর, টাঙ্গাইল।
০৭। সমিতির নোটিশ বোর্ড।
০৮। সংশ্লিষ্ট নথি।

সভাপতি
নির্বাচন কমিটি/২০২৫
মধুপুর পৌরসভা প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ ,মধুপুর, টাঙ্গাইল
ও
উপজেলা সমবায় অফিসার
মধুপুর, টাঙ্গাইল।